

## নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

ওহোদ যুদ্ধের উল্লেখযোগ্য বিষয়সমূহ- ৮. মুশরিকদের বেষ্টনীতে রাসূল (ছাঃ); সাথী মাত্র নয়জন জান কোরবান ছাহাবী (الرسول صد في إحاطة المشركين مع ةسعة من الصحابة المخلصة)

## ফুটনোট

## [1]. মুসলিম হা/২৪১৪ 'ছাহাবীগণের মর্যাদা' অধ্যায় ৬ অনুচ্ছেদ।

ওয়াকেদী আনছার ও মুহাজির থেকে ১৪ জনের কথা বর্ণনা করেছেন। সেখানে আনছারদের মধ্যকার ৭ জন হ'লেন, (১) হুবাব ইবনুল মুন্যির (২) আবু দুজানাহ (৩) 'আছেম বিন ছাবেত (৪) হারেছ ইবনুছ ছিম্মাহ (৫) সাহল বিন হুনাইফ (৬) উসায়েদ বিন হুযায়ের এবং (৭) সা'দ বিন মু'আয। মুহাজিরদের মধ্যকার ৭ জন হ'লেন, (১) আবুবকর (২) আব্দুর রহমান বিন 'আওফ (৩) আলী বিন আবু ত্বালেব (৪) সা'দ বিন আবু ওয়াককাছ (৫) ত্বালহা বিন ওবায়দুল্লাহ (৬) আবু ওবায়দাহ ইবনুল জাররাহ এবং (৭) যুবায়ের ইবনুল 'আওয়াম (ওয়াকেদী, মাগাযী ১/২৪০)।

তবে ছহীহ বুখারীর বর্ণনায় মুহাজিরদের মধ্যে ত্বালহা ও সা'দ বিন আবু ওয়াকক্বাছ (রাঃ) ব্যতীত অন্য কেউ ছিলেন না বলা হয়েছে' (বুখারী হা/৪০৬০)। কোন কোন বর্ণনায় আনছারদের মধ্যে সর্বশেষ যিয়াদ অথবা 'উমারাহ ইবনুস সাকান (রাঃ)-এর নাম এসেছে' (ফাংহুলবারী হা/৪০৬০-এর আলোচনা দ্রস্টব্য)। ওয়াকেদীর উক্ত



তালিকা মেনে নিতে গেলে এটা স্বীকার করতে হয় যে, ঐ সাত জন আনছার ছাহাবীর সকলেই ঐ সময় শহীদ হন। কিন্তু তাঁদের জীবনীতে দেখা যায় যে, তাঁদের একজনও ঐ সময় শহীদ হননি। সম্ভবতঃ এ কারণেই কোন জীবনীকার ঐ সাত জনের তালিকা দেননি। কোন হাদীছেও তাঁদের নাম পাওয়া যায় না। অতএব ঐ সাত জন শহীদ কে কে ছিলেন, তা অজ্ঞাত রইল।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5458

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন